



New York State  
Seal of Biliteracy  
(NYSSB)

NYS  
ED  
.gov

# শিক্ষার্থীদের জন্য NYSSB


## NYSSB কি?

নিউ ইয়র্ক স্টেট সীল অফ বিলিটারেসি (New York State Seal of Biliteracy—NYSSB) হল একটি পুরস্কার যা দেওয়া হবে সেই সমস্ত হাই স্কুল স্নাতকদের যারা ইংরাজি এবং অন্য একটি বা একাধিক আন্তর্জাতিক ভাষায় উচ্চস্তরের দক্ষতা অর্জন করতে পারবে। NYSSB ভাষা শিক্ষায় উদ্বুদ্ধ করে, বৈচিত্র্যের গুরুত্ব ও সারা বিশ্বের মানুষের সংস্কৃতি বুঝতে সাহায্য করে এবং বিশ্ববিদ্যালয় ও ভবিষ্যৎ নিয়োগকর্তাদের কাছে আমাদের শিক্ষার্থীদের সম্পর্কে আরও তথ্য পৌঁছে দেয়।

## NYSSB কীভাবে শিক্ষার্থীদের উপকৃত করে?

আজকের পৃথিবীতে একাধিক ভাষা বলতে পারার গুরুত্ব NYSSB স্বীকার করে। এখানে শিক্ষার্থীদের পরিশ্রমের মূল্য দেওয়া হয়, মাতৃভাষার ব্যবহার চালিয়ে যেতে উদ্বুদ্ধ করা হয়, এবং স্কুলে থাকতে ভাষা শিক্ষা চালিয়ে যাওয়ার সুযোগ দেয়। দ্বিভাষিক শিক্ষার স্বীকৃতি এই শিক্ষার্থীদের ক্ষেত্রে হাই স্কুলের লিখিত পাঠ্য ও ডিপ্লোমার অংশ হয় এবং এই দক্ষতা ভবিষ্যৎ নিয়োগকর্তা ও কলেজগুলিকে জানানো হয়।

[Leadwithlanguages.org](http://Leadwithlanguages.org) অনুযায়ী, দুই বা তার বেশী ভাষায় দক্ষতা থাকলে চাকরী, ভ্রমণ ও অন্য সংস্কৃতি বুঝতে পারার মত প্রতিযোগিতামূলক সুবিধার পাশাপাশি বিভিন্ন সুযোগ পাওয়া যায়। সমস্ত NYSSB স্নাতকরা নিজেদের ডিপ্লোমার সাথে একটি সংযুক্ত সরকারী সীল পাবে, স্নাতকত্ব লাভের অনুষ্ঠানে পরার জন্য একটি পদক পাবে এবং নিউ ইয়র্ক রাজ্য শিক্ষা বিভাগ থেকে একটি সার্টিফিকেটও পেতে পারে।



হোয়াইট প্লেনস হাই স্কুলের  
ফটো

## NYSSB অর্জনের চেষ্টা করা করতে পারবে?

NYSSB প্রদান করে এমন যেকোন জেলার শিক্ষার্থীরা, যারা ইংরাজিতে দক্ষ এবং/অথবা ইংরাজি ও অন্ততপক্ষে অন্য আরেকটি আন্তর্জাতিক ভাষা নিয়ে পড়াশোনা করছে, এই পুরস্কার অর্জনের চেষ্টা করতে পারবে। এর মধ্যে তারাও থাকবে যারা বাড়িতে ইংরাজি ছাড়া অন্য কোন ভাষায় কথা বলে এবং যারা হাই স্কুলে একটি আন্তর্জাতিক ভাষা শিখছে।

## NYSSB লাভ করার জন্য শিক্ষার্থীদের কি করতে হবে?

NYSSB পাওয়ার একাধিক রাস্তা আছে। দক্ষতার আবশ্যিক মান বোঝানোর জন্য শিক্ষার্থীদের ইংরাজিতে তিন (3) পয়েন্ট এবং অন্য এক বা একাধিক ভাষায় তিন (3) পয়েন্ট লাভ করতে হবে। শিক্ষার্থীরা ইংরাজিতে বা আন্তর্জাতিক ভাষার পাঠ্যক্রমে 85% বা তার বেশী ফল করে, জাতীয় পরীক্ষাগুলিতে স্যাট স্কোর পেয়ে এবং ইংরাজি এবং/অথবা একটি আন্তর্জাতিক ভাষায় একটি প্রোজেক্ট সম্পূর্ণ করে ও উপস্থাপন করে NYSSBর জন্য পয়েন্ট লাভ করতে পারবে।

## NYSSB সংক্রান্ত আরও তথ্য কোথায় পাওয়া যাবে?

আপনার স্কুলের NYSSB প্রোগ্রাম সম্পর্কে আরও জানার জন্য, শিক্ষার্থীর স্কুল কাউন্সেলর অথবা ইংরাজি শিক্ষকের সাথে কথা বলুন। শিক্ষার্থীর পরিবার আরও তথ্য পাবেন [NYSSB ওয়েবসাইট](http://nyssb.ny.gov) থেকে অথবা আমাদের অফিস ইমেল ([nyssb@nysed.gov](mailto:nyssb@nysed.gov)) বা ফোন নম্বরে (518.473.7505) যোগাযোগ করে।



Office of Bilingual Education and World Languages  
New York State Education Department  
89 Washington Avenue, 505EB  
Albany, NY 12234



New York State  
EDUCATION DEPARTMENT  
Knowledge > Skill > Opportunity